দৈনিক বাংলা

তারিখ ২৩/৭/৮২

পৃষ্ঠা ...

৬৩৫

আগামী সপ্তাহে বন্টন শুরু

016

# প্রাইমারী স্কুল ছাত্রদের জন্য বিনামূল্যে বই

জনশিক্ষা পরিদফতর (ডিপিআই) আগামী সপ্তাহ থেকে বিশ্ব প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অধীনে সরকারী প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মধ্যে বিনা মূল্যে পাঠ্যবই এবং পোশাক বিতরণ শুরু করবে। সরকারী সূত্র বুধবার একথা জানিয়েছে। খবর এনার।

সরকারী প্রাথমিক স্কুলের প্রথম শ্রেণীতে প্রায় ২২ লাখ ৮৭ হাজার ৯৪৩ জন ছাত্রের শতকরা ৫০ ভাগ অর্থাৎ ১১ লাখ ৪৩ হাজার ৯৮৭ জন প্রত্যেকে এক সেট করে বই পাবে।

প্রাথমিক স্কুলের প্রথম শ্রেণীতে শতকরা ৩০ ভাগ ছাত্রী যাদের সংখ্যা হচ্ছে তিন লাখ ৩৮ হাজার ৭০৯ জন, এদের প্রত্যেকের মধ্যে দু সেট করে প্রায় ৬ লাখ ৭৭ হাজার ৪২০ সেট পোশাক বিতরণ করা হবে।

৩৬ হাজারেরও বেশী সরকারী প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে বই এবং পোশাক বিতরণ করা হবে। প্রতিটি স্কুলের ব্যবস্থাপনা কমিটির সুপারিশ ক্রমে স্কুলের প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষিকার প্রণীত তালিকা অনুযায়ী তা বিতরণ করা হবে।

বিশ্ব প্রাথমিক শিক্ষা কর্মসূচী দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। ৪১৫ কোটি টাকার মূল কর্মসূচীকে পুনঃ সংশোধন করে ৩৬৯ কোটিতে আনা হয়েছে।